জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/ ৫৩৬ তারিখঃ ১৫-১২-২০২২

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ২২/১২/২০২২ তারিখ রোজঃ বৃহস্পতিবার সময় বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। নারী শিক্ষার অগ্রগতির জন্য বিভিন্ন কর্মকান্ড গ্রহণ প্রসঙ্গে।
৩। রোকেয়া দিবস/২০২২ উদযাপন বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

( পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
## নারী উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি ঃ জনাব পাপিয়া, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন
সভার তারিখ ঃ ২২/১২/২০২২
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা
রোজ ঃ বৃহস্পতিবার।

*উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ*

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃ পৌঃ সঃ | সভাপতি | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য সূচী ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

সভায় জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে পাঠ করে শুনান এবং কোনরূপ সংশোধনী ছাড়াই ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে আজকের সভার আলোচ্য বিষয় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান জানান।

**০২ নং আলোচ্য বিষয় ঃ নারী শিক্ষার অগ্রগতির জন্য বিভিন্ন কর্মকান্ড গ্রহণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভার প্রারম্ভে আলোচ্য বিষয়ের উপর সভাপতি মহোদয় বলেন, আমাদের এ সমাজ মূলত পুরুষ শাসিত। বিশেষ করে অশিক্ষিত, অসচেতন, অবহেলিত ও দরিদ্র জনগোষ্ঠীর পুরুষেরা তাদের কন্যা সন্তানদের মনে করে পরিবারের বোঝা স্বরূপ। কারণ বড় হলে কষ্টার্জিত পয়সা ব্যয় করে তাকে বিবাহ দিতে হবে। তাই মেয়েকে পড়াশুনা শিখিয়ে বা শিক্ষিত করে কোন লাভ নেই। তিনি আরো বলেন, আজকের বিশ্ব সভ্যতায় একমাত্র শিক্ষা অর্জনের মাধ্যমেই একজন নারী সহজেই একজন পুরুষের সমকক্ষতা অর্জন করতে সক্ষম। এ প্রসঙ্গে অত্র কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩, জয়পুরহাট পৌরসভা বলেন, শিক্ষা অর্জনের মাধ্যমেই একজন নারী সমাজে তার অবস্থান ও অধিকার সুদৃঢ় করতে সক্ষম হয়। কাজেই আজকের বিশ্বে সমাজ তথা দেশের সার্বিক উন্নয়নে নারী শিক্ষার গুরুত্ব অপরিসীম। নারী শিক্ষার অগ্রগতির জন্য সমাজের সকলকে এগিয়ে আসতে হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। কমিটির সম্মানিত সদস্য জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা বলেন- শিক্ষা থেকে নারীকে পিছনে ফেলে কোন জাতি উন্নতি লাভ করতে পারে না। বিদ্রোহী কবি নজরুল ইসলামের ভাষা উদ্ধৃত করে তিনি বলেন, ''বিশ্বে যত মহান সৃষ্টি চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।" নারী শিক্ষার অগ্রগতির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ**

(ক) প্রতিটি ওয়ার্ডের কাউন্সিলরগণ তাঁদের স্ব স্ব ওয়ার্ডের অশিক্ষিত ও হতদরিদ্র জনগোষ্ঠীর মহল্লা সমূহের পরিবার প্রধান কে তাদের কন্যা সন্তানদের শুধুমাত্র প্রাথমিক শিক্ষাই নয়- প্রাথমিক শিক্ষা শেষে উচ্চতর শিক্ষায় শিক্ষিত করার গুরুত্ব সম্পর্কে সচেতন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) অত্রাফিসের সকল মাঠকর্মী ও স্বাস্থ্য কর্মীগণ মাঠ পর্যায়ে কাজ করার সময় নারী শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে পরিবারের প্রধান কে উদ্বুদ্ধ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) প্রাথমিক স্কুলে ভর্তি হওয়ার পরও স্কুলে যাওয়া বন্ধ করে দিয়েছে এমন ঝরে পড়া ছাত্রীদের পুনরায় শিক্ষা গ্রহণের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত মেয়র মহোদয়ের মাধ্যমে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট বরাবরে চিঠি ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী-৩। রোকেয়া দিবস/২০২২ উদযাপন বিষয়ে আলোচনা।**

আলোচনা ঃ সভাপতি মহোদয় বলেন, নারী জাগরনের পথিকৃৎ বেগম রোকেয়ার স্মরণে রোকেয়া দিবস উদ্‌যাপনের লক্ষ্যে UGIIP-III প্রকল্প অফিসের স্মারক নং ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.০১.২০১৭/২২৪৫(৩৫) তারিখঃ ১২/১০/২০২২ খ্রিঃ পত্রের নির্দেশনা রয়েছে। তার প্রেক্ষিতে রোকেয়া দিবস যথাযথ ভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প অফিস থেকে প্রেরীত দিক নিদের্শনা মুলক চিঠিটি এ কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সকলের অবগতির জন্য পাঠ করে শোনান। প্রেরীত চিঠির নিদের্শনা অনুযায়ী রোকেয়া দিবস সফল ভাবে উদযাপনের জন্য পৌর পরিষদের নেতৃত্বে বিভিন্ন কার্যক্রম ও বিভিন্ন প্রদক্ষেপ সমুহ সম্মানিত কাউন্সিলর বৃন্দ, পৌর কর্মকর্তা/কর্মচারী বর্গের মাঝে ভাগ করে দেওয়া হয়েছে যাতে সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের মাধ্যমে রোকেয়া দিবস জয়পুরহাট পৌরসভায় সফল ভাবে উদযাপিত হয়। আলোচ্য বিষয় নিয়ে এ কমিটির সম্মানিত সদস্য জনাবা মোছাঃ জান্নাতুল ফেরদৌস বলেন, আমরা জানি ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া জন্ম ও মৃত্যু দিবস হিসেবে এই দিনটিকে রোকেয়া দিবস হিসেবে উপযাপন করা হয়। জয়পুরহাট পৌরসভায় ০৯ ডিসেম্বর/২০২২ তারিখে কি রোকেয়া দিবস উদযাপন করা হবে? এ প্রশ্নের আলোকে এ কমিটির সভাপতি জনাবা মোছাঃ মুন্নজান বলেন, আগামী ০৯ ডিসেম্বর রোজঃ শুক্রবার ছুটির দিন হওয়ায় রোকেয়া দিবস উদযাপন করা সম্ভব হবে না, তাই আগামী ০৮ডিসেম্বর/২০২২ রোজঃ বৃহস্পতিবার রোকেয়া দিবস উদযাপন করার জন্য মেয়র মহোদয় সম্মতি দিলে উদযাপন করা হবে।

**সিদ্ধান্ত ঃ**

(ক) প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলর বিশেষ করে মহিলা কাউন্সিলর মহোদয়ের তত্ত্বাবধানে প্রতিটি ওয়ার্ড থেকে ১৫ জন (অধিকাংশ নারী ) অংশগ্রহণকারীগনকে রোকেয়া দিবস র‌্যালীতে অংশগ্রহনের বিষয়ে নিশ্চিত করা ।

(খ) সকল ওয়ার্ড থেকে আগত ক্ষুদ্র ক্ষুদ্র র‌্যালী পৌর চত্তরে জমায়েত হয়ে ব্যানার পোষ্টার ফেসটুন বহনের মাধ্যমে এক বিশাল বর্ণাঢ্য র‌্যালী পৌরসভার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সড়ক প্রদক্ষিন শেষে বিশাল র‌্যালী পৌর চত্বরে সমবেত হয়ে সম্মানিত মেয়র মহোদয়ের সভাপতিত্বে নারী অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) আলোচনা সভা শেষে সকল অংশগ্রহণকারীগণের মাঝে নাস্তার প্যাকেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

স্মারকনং-জঃপৌঃসঃ/স্বাস্থ্য/২০২১-২০২২/ ৫৫৬ তারিখঃ ২২-১২-২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা ।

২। জনাব/জনাবা..............................................................সদস্য, নারী উন্নয়ন বিষয়ক কমিটি ও
সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা ।

৩। অফিস নথি

(পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী উন্নয়ন বিষয়ক কমিটি সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাব পাপিয়া, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ২২/১২/২০২২ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৩ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সদস্য | [signature] |
| ০৪ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সভাপতি | [signature] |